# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬১৭

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ উক্ত ঘটনায় যে হারানো উটের দ্বারা উপমা দেওয়া হয়েছে, সেই উটের বিবরণ সম্বলিত হাদীস

ذِكْرُ الْإِخْبَارِ عَنْ وَصْفِ الْبَعِيرِ الضَّالِّ الَّذِي تُمَثِّلُ هَذِهِ الْقِصَّةُ بِهِ

---

আরবী

617 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سِنَانٍ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ قَالَ: حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنِ الْحَارِثِ بْنِ سُوَيْدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اللَّهُ أَفْرَحُ بِتَوْبَةِ أَحَدِكُمْ مِنْ رَجُلٍ بِأَرْضٍ دَوِّيَّةٍ مَهْلَكَةٍ وَمَعَهُ رَاحِلَتُهُ عَلَيْهَا زَادُهُ وَطَعَامُهُ وَمَا يُصْلِحُهُ فَأَضَلَّهَا فَخَرَجَ فِي طَلَبِهَا حَتَّى إِذَا أَدْرَكَهُ الْمَوْتُ قَالَ: أَرْجِعُ إِلَى مَكَانِي فَأَمُوتُ فِيهِ فَرَجَعَ إِلَى مَكَانِهِ الَّذِي أَضَلَّهَا فِيهِ فَبَيْنَمَا هُوَ كَذَلِكَ إِذْ غَلَبَتْهُ عَيْنُهُ فَاسْتَيْقَظَ فَإِذَا رَاحِلَتُهُ عِنْدَ رَأْسِهِ عَلَيْهَا زَادُهُ وَمَا يُصْلِحُهُ فَاللَّهُ أفرح بتوبة أحدكم من هذا الرجل.)

الراوي : ابْن مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 617 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬১৭. আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমাদের কারো তাওবার কারণে মহান আল্লাহ ঐ ব্যক্তির চেয়েও বেশি খুশি হন, যিনি ধ্বংসাত্মক বিরানভূমিতে থাকেন, তার সাথে তার বাহন আছে, যাতে তার খাদ্য-পাথেয় ও প্রয়োজনীয় জিনিস রয়েছে। অতঃপর সে তার বাহনটি হারিয়ে ফেলে, ফলে সে তার খোঁজে বের হয়, অতঃপর যখন তাকে মৃত্যু পেয়ে বসে, তখন বলে যে, আমি আমার পূর্বের জায়গায় ফিরে যাবো এবং সেখানেই মৃত্যুবরণ করবো! অতঃপর সে ঐ জায়গায় ফিরে যায়, যেখানে সে তার বাহন হারিয়েছে। সে এমন অবস্থায় ছিল হঠাৎ তাকে ঘুম পেয়ে বসে অতঃপর ঘুম থেকে উঠে সে মাথার কাছে তার বাহন দেখতে পায়; যার উপর তার পাথেয় ও প্রয়োজনীয় জিনিস রয়েছে! মহান আল্লাহ তোমাদের কারো তাওবার কারণে এই ব্যক্তির চেয়েও বেশি খুশি হন!”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩৮৩; সহীহ আল বুখারী: ৬৩০৮; সহীহ মুসলিম: ২৭৪৪; তিরমিযী: ২৪৯৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩০১।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আত তিরমিযী: ২৬২৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89119

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন